

# ক্লাসরুমসংশ্লিষ্ট বিপর্যয়ের পরিকল্পনা

ভূমিকা: আপনি যেখানে বাস করেন সেখানে কী কী ধরনের বিপর্যয় ঘটতে পারে তা ভাবুন। আপনি স্কুলে থাকাকালীন যদি কোনো বিপর্যয় আঘাত হানে, তাহলে আপনার স্কুলের ওপর সেটির কী কী প্রভাব পড়বে সে সম্পর্কে আপনার ধারণা আছে? আপনাকে এবং আপনার সহপাঠীদেরকে নিরাপদ রাখার জন্য সাধারণ কোন কোন পরিবর্তনগুলো করা যায় তা আপনি বিপর্যয়ের মানচিত্র তৈরির মাধ্যমে শনাক্ত করতে পারেন।

## জরুরি পরিকল্পনা কার্যক্রম

### সময়

১ ঘন্টা

### জটিলতা

সহজ

### সরঞ্জাম

বড় কাগজ, রঙিন মার্কার

#### ধাপ ১

- আপনি যেখানে বাস করেন সেখানে কী কী বিপর্যয় ঘটতে পারে তা নিয়ে আপনার গ্রুপে আলোচনা করুন। তারপর চিহ্নিত বিপর্যয়গুলোর মধ্যে কোনটি ঘটার সম্ভাবনা অন্যগুলোর তুলনায় বেশি তা নির্ধারণ করুন।

#### ধাপ ২

- আপনাদের শ্রেণীকক্ষের একটি বিশদ নকশা আঁকতে আপনার গ্রুপের কাউকে বেছে নিন।

#### ধাপ ৩

- আপনার শনাক্ত করা বিপর্যয়গুলো খেয়াল করে, শ্রেণীকক্ষের কোন কোন অংশের ওপর এসব বিপর্যয়ের প্রভাব পড়তে পারে (যেমন: ভূমিকম্পে বইয়ের আলমারি পড়ে যাওয়া) তা নকশাটিতে চিহ্নিত করুন।

#### ধাপ ৪

- বিপর্যয়গুলো আঘাত হানলে তখন সবাইকে সুরক্ষিত রাখার জন্য আপনাদের শ্রেণীকক্ষে কী কী পরিবর্তন করা উচিত তা নিয়ে আলোচনা করুন।

